গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-৮৫৭ -বিচার-৩/২এম-১৪/৮৮(অংশ), তারিখঃ ১০/১২/১৪

বিষয়ঃ- ২০১৪খ্রিঃ সনের দেওয়ানী আদালত অবকাশ কালীন সময়ে অবকাশকালীন জজের দায়িত্ব পালনকারী বিচারকগণ-কে উক্ত সময়ে স্ব-স্ব অধিক্ষেত্রে নিয়মিত বিচারকার্য পরিচালনা করণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ডিসেম্বর মাসে দেওয়ানী আদালত অবকাশকালীন সময়ে জরুরী দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমা সমূহ নিষ্পত্তির নিমিত্ত সারাদেশে কিছুসংখ্যক জেলা জজ/অতিরিক্ত জেলা জজ/সমপর্যায়ের বিচারক-কে অবকাশকালীন বিচারকের দায়িত্ব প্রদান করা হয়। প্রতিবছরের ন্যায় এ বছরও অবকাশকালীন সময়ে জরুরী দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমা সমূহ নিষ্পত্তির নিমিত্ত কিছুসংখ্যক জেলা জজ/অতিরিক্ত জেলা জজ/সমপর্যায়ের বিচারক-কে অবকাশকালীন বিচারকের দায়িত্ব প্রদান করা হয়েছে। কিন্তু ২০১৪খ্রিঃ সনের দেওয়ানী আদালত অবকাশ কালীন সময়ে অবকাশকালীন জজের দায়িত্ব পালনকারী বিচারকগণের কার্যসূচী দৃষ্টে দেখা যায় যে, অধিকাংশ অবকাশকালীন বিচারক ৩/৪ কার্যদিবস আদালত পরিচালনার কার্যসূচী দিয়েছেন। অবকাশকালীন সময়ে জরুরী দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমা সমূহ নিষ্পত্তির যে মহৎ উদ্দেশ্যে অবকাশকালীন জজ নিয়োগ করা হয়েছে ৩/৪ কার্যদিবস আদালত পরিচালনার কার্যসূচী দেওয়ার কারণে তা ব্যাহত হচ্ছে।

২। এমতাবস্থায়, ২০১৪খ্রিঃ সনের দেওয়ানী আদালত অবকাশ কালীন সময়ে অবকাশকালীন জজের দায়িত্ব পালনকারী বিচারকগণ-কে উক্ত সময়ে স্ব-স্ব অধিক্ষেত্রে নিয়মিত অবকাশকালীন দায়িত্ব পালনের কার্যসূচী দিয়ে অত্র বিভাগ-কে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

স্বাঃ
( মোহাম্মদ শাহীন উদ্দিন )
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১।

প্রাপক,

জনাব.....................................................

নং-৮৫৭ -বিচার-৩/২এম-১৪/৮৮(অংশ), তারিখঃ ১০/১২/১৪

অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

১। রেজিষ্ট্রার, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ(সকল)।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,আইন,বিচার ও সংসদ বিঃ মন্ত্রণালয়, সিএজি ভবন,সেগুনবাগিচা,ঢাকা।
৬। আই.টি. সেল, আইন ও বিচার বিভাগ, ঢাকা।

১০/১২/১৪
( মোহাম্মদ শাহীন উদ্দিন )
সিনিয়র সহকারী সচিব।